# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৭৯৭

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ রাতে উঠে (তাহজ্জুদ) নামায পড়ার ফযীলত

আরবী

وَعَن حُذَيفَةَ قَالَ: صَلَّيْتُ مَعَ النَّبيِّ ﷺ ذَاتَ لَيْلَةٍ فَافْتَتَح البَقَرَةَ فَقُلْتُ : يَرْكَعُ عندَ المئَةِ ثُمَّ مَضَى فَقُلتُ : يُصلِّي بِهَا فِي رَكْعَةٍ فَمَضَى فَقُلتُ : يَرْكَعُ بِهَا ثُمَّ افْتَتَحَ النِّساءَ فَقرأَهَا ثُمَّ افتَتَحَ آلَ عِمْرَانَ فَقرأَهَا يَقرأُ مُتَرَسِّلاً : إِذَا مَرَّ بِآيَةٍ فِيهَا تَسبِيحٌ سَبَّحَ وَإِذَا مَرَّ بِسُؤَالٍ سَأَلَ وَإِذَا مرَّ بِتَعوُّذٍ تَعوَّذَ ثُمَّ رَكعَ فَجَعَلَ يَقُوْلُ سُبْحَانَ رَبِّيَ العَظِيمِ فَكَانَ رُكُوعُهُ نَحْواً مِنْ قِيَامِهِ ثُمَّ قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ الحَمْدُ ثُمَّ قَامَ طَوِيلاً قَرِيباً مِمَّا رَكعَ ثُم سَجَدَ فَقَالَ سُبْحَانَ رَبِّيَ الأَعْلَى فَكَانَ سجُودُهُ قَرِيباً مِنْ قِيَامِهِ رواه مسلم

বাংলা

(৭৯৭) হুযাইফা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক রাতে নামায পড়লাম। তিনি সূরা বাক্বারাহ আর�ম্ভ করলেন। আমি (মনে মনে) বললাম, একশত আয়াতের মাথায় তিনি রুকু করবেন। (কিন্তু ) তিনি তারপরও কিরাআত চালু রাখলেন। আমি (মনে মনে) বললাম, তিনি এরই দ্বারা (সূরা শেষ করে) রুকু করবেন। কিন্তু তিনি সূরা নিসা পড়তে আর�ম্ভ করলেন এবং সম্পূর্ণ পড়লেন। তিনি স্পষ্ট ও ধীরে ধীরে তেলাঅত করতেন। যখন এমন আয়াত আসত, যাতে তাসবীহ পাঠ করার উল্লেখ আছে, তখন (আল্লাহর) তাসবীহ পাঠ করতেন। যখন কোন প্রার্থনা সম্বলিত আয়াত অতিক্রম করতেন, তখন তিনি আল্লাহর কাছে প্রার্থনা করতেন। যখন কোন আশ্রয় প্রার্থনার আয়াত অতিক্রম করতেন, তখন তিনি আশ্রয় প্রার্থনা করতেন।

(অতঃপর) তিনি সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকু করলেন। সুতরাং তিনি রুকুতে সুবহানা রাব্বিয়াল আযীম পড়তে আর�ম্ভ করলেন। আর তাঁর রুকু ও কিয়াম (দাঁড়িয়ে কিরাআত পড়া অবস্থা) এক সমান ছিল। তারপর তিনি রুকু থেকে মাথা তুলে ’সামিআল্লাহু লিমান হামিদাহ, রাব্বানা অলাকাল হাম্‌দ’ (অর্থাৎ আল্লাহ সেই ব্যক্তির প্রশংসা শুনলেন, যে তা তাঁর জন্য করল। হে আমাদের পালনকর্তা তোমার সমস্ত প্রশংসা) পড়লেন। অতঃপর বেশ কিছুক্ষণ (কওমায়) দাঁড়িয়ে থাকলেন রুকুর কাছাকাছি সময় জুড়ে। তারপর সিজদা করলেন এবং তাতে তিনি পড়লেন, ’সুবহানাল্লা রাব্বিয়াল আ’লা’ (অর্থাৎ আমার মহান প্রভুর পবিত্রতা বর্ণনা করছি)। আর তাঁর সাজদা দীর্ঘ ছিল তার কিয়াম (দাঁড়িয়ে কিরাআত পড়া অবস্থা)র কাছাকাছি।

## ফুটনোট

(মুসলিম ১৮৫০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ হুযায়ফাহ ইবন আল-ইয়ামান (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64545

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন